

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ১৮

অগ্রহায়ণ ০৬, ১৪৩১  
তারিখ : -----  
নভেম্বর ২১, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ১৫, তারিখ অক্টোবর ০৬, ২০০৫ এবং এফই সার্কুলার নম্বর ৩৫, তারিখ সেপ্টেম্বর ২২, ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এফই সার্কুলার নম্বর ৩৫, তারিখ সেপ্টেম্বর ২২, ২০১৯ এর অনুচ্ছেদ নম্বর-১০, পরিশিষ্ট-ক (১১ নম্বর ক্রমিক)-এ ফল ও সজি থেকে উৎপাদিত সকল ধরণের পেস্ট, ফুটবার, টিনজাত সামগ্রী, ডিহাইড্রেটেড সামগ্রী, জুস, ড্রিংকস রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের নির্দেশনা জ্ঞাপিত রয়েছে। এতদসঙ্গে সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, দেশের অভ্যন্তরে অবস্থিত সহযোগী/ভিন্ন প্রতিষ্ঠান হতে সংগৃহীত এবং স্থানীয়ভাবে উৎপাদিত ফলজাত পাল্প (Pulp) থেকে প্রস্তুতকৃত জুস এবং ড্রিংকস ইত্যাদি রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রযোজ্য হবে।

০৩। কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান সংশ্লিষ্ট অন্যান্য এফই সার্কুলার/ সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য আপনাদের পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ হারুন-অর-রশিদ)  
পরিচালক (এফইপিডি)  
ফোন : ৯৫৩০১২৩